

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৫/০১/২০২১ খ্রি.

২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ অন-লাইনে (www.nubd.info/degree-pass) সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ফরমের মূলকপিতে পাসপোর্ট সাইজের ছবি গাম দিয়ে লাগিয়ে সংশ্লিষ্ট কমিটির নিকট এবং ফরমের ফটোকপি, রেজিস্ট্রারের ফটোকপি ও নির্ধারিত ফি কলেজ অফিসে জমা দান পূর্বক নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য যে, অনিয়মিত পরীক্ষার্থীকে সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ফরমের ২য় কপির সাথে সংযুক্ত করতে হবে।

১। প্রিন্টকৃত ফরম নির্ধারিত ফিসহ কলেজে জমা দেয়ার তারিখ-

- (i) বিএ/বিএসএস- ৩য় বর্ষ (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) : ১৬/০২/২০২১
(ii) বিবিএস/বিএসসি- ৩য় বর্ষ (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) : ১৭/০২/২০২১
(iii) অকৃতকার্য/সার্টিফিকেট কোর্স : ১৮/০২/২০২১

২। প্রিন্টকপিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর স্বাক্ষর করার তারিখ : ০৪/০৩/২০২১ (কলেজের ২০৬ নং কক্ষে)

৩। নিয়মিত: ২০১৬-১৭ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৭ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৮ সালের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, তারা ২০১৯ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। পরীক্ষার্থীদেরকে “ইংরেজি” আবশ্যিক বিষয়সহ নৈর্বাচনিক বিষয়সমূহের ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪। অনিয়মিত: ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ ও ২০১৬ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, কিন্তু ২০১৭ ও ২০১৮ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি, তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে। ২০১৪-১৫ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫ ও ২০১৬ শিক্ষাবর্ষের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০১৭ ও ২০১৮ সালের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পেয়েছে, তারা “F” গ্রেড প্রাপ্ত কোর্স/পত্রে এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। মানোন্নয়ন: যেসকল শিক্ষার্থী ২০১৭ সালের ডিগ্রী পাস ৩য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করে CGPA 2.25 বা এর কম পেয়েছে, তারা সর্বোচ্চ দু’টি ‘C বা D’ গ্রেড প্রাপ্ত কোর্সে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬। সার্টিফিকেট কোর্স (২০০ নম্বর): ২০১৬-১৭ শিক্ষাবর্ষে সার্টিফিকেট কোর্স রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত বিষয়ের ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে। এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষা দিবে।

৭। ফি বিবরণী:

পরীক্ষার্থীর প্রকার	জাতীয় বিশ্ববিদ্যালয়						কলেজ			সর্বমোট
	পরীক্ষার ফি	নম্বরপত্র	সনদ	ইনকোর্স	অন্তর্ভুক্তি	ব্যবঃ	কেন্দ্র	ব্যবঃ	ব্যবস্থাপনা	
বিএ,বিএসএস,বিবিএস- নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট	৭পত্র×১০০=৭০০	৩০০	৩০০	১০০	--	--	৪৫০	--	৫০	১৯০০/-
বিএ,বিএসএস,বিবিএস- পূর্বে ফরম পূরণকৃত	৭পত্র×১০০=৭০০	--	--	--	৩০০	--	৪৫০	--	৫০	১৫০০/-
বিএ,বিএসএস,বিবিএস- ১ বা ২ বা ততোধিক পত্রে অকৃতকার্য/ মানোন্নয়ন	১পত্র×১০০=১০০	--	--	--	৩০০	--	৪৫০	--	৫০	৯০০/-
	২পত্র×১০০=২০০	--	--	--	৩০০	--	৪৫০	--	৫০	১০০০/-
বিএসসি- নিয়মিত	৭পত্র×১০০=৭০০	৩০০	৩০০	১০০	--	৪৫০	৪৫০	৩০০	৫০	২৬৫০/-
বিএসসি- পূর্বে ফরম পূরণকৃত	৭পত্র×১০০=৭০০	--	--	--	৩০০	৪৫০	৪৫০	৩০০	৫০	২২৫০/-
বিএসসি- ১ বা ২ বা ততোধিক পত্রে অকৃতকার্য	১পত্র×১০০=১০০	--	--	--	৩০০	১৫০	৪৫০	১০০	৫০	১১৫০/-
	২পত্র×১০০=২০০	--	--	--	৩০০	৩০০	৪৫০	২০০	৫০	১৫০০/-
সার্টিফিকেট কোর্স	২পত্র×১০০=২০০	৩০০	--	১০০	--	--	৪৫০	--	৫০	১১০০/-

বিদ্রূপ: শুধুমাত্র প্রাইভেট/সিসি পরীক্ষার্থীদেরকে ইনকোর্স পরীক্ষা ফি বাবদ ২০০/- আলাদাভাবে সংশ্লিষ্ট কমিটির নিকট আগামী ৩১/০১/২০২১ তারিখের মধ্যে জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত ফরম পূরণের সুযোগ নেই।

২৫/০১/২০২১
ভারপ্রাপ্ত অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ: ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি।

২। আহ্বায়ক, ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা-২০১৯ কমিটি, অত্র কলেজ কেন্দ্র, রাঙ্গামাটি।

৩। হিসাব সহকারী, অত্র কলেজ, রাঙ্গামাটি।

৪। সংরক্ষণ নথি।